



জাপা চেয়ারম্যান জিএম কাদের ও তার স্ত্রীর দেশত্যাগে নিষেধাজ্ঞা



সংগৃহীত ছবি

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন ও অর্থপাচারের অভিযোগের জেরে জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের এবং তার স্ত্রী শেরীফা কাদেরের বিদেশ যাত্রায় নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ইব্রাহিম মিয়া দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে এই আদেশ দেন।

দুদকের আবেদনের তথ্যানুসারে, কাদের ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে অবৈধভাবে সম্পদ অর্জন এবং ক্ষমতার অপব্যবহারের অভিযোগের অনুসন্ধান চলছে। গোপন সূত্রে দুদক জানতে পেরেছে যে তারা দেশ ছেড়ে পালিয়ে গিয়ে দেশের ভেতরে ও বাইরে থাকা তাদের অবৈধ সম্পদ হস্তান্তর করার চেষ্টা করছেন। তাই সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে তাদের বিদেশ যাত্রায় নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

LENS ASIA